# AKASHVANI KOLKATA
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**Date 27-08-2026** **Time: 1.40 P.M.**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, একবিংশ শতাব্দীতে ক্রীড়া ক্ষেত্রে আধুনিক পরিমন্ডল গড়ে তুলতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। দক্ষ প্রতিভাদের কাছে খেলাধুলার প্রতিটি স্তরে নিরন্তর সহায়তা পৌঁছে দিতে সারা দেশে ক্রীড়া বিশ্ব বিদ্যালয় থেকে আধুনিক প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলা সহ নানা উদ্যোগ নেওয়া হচ্ছে। ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে 'খেলো ইন্ডিয়া ডায়লগ'-এ প্রধানমন্ত্রী বলেন, শুধুমাত্র পদক জেতাই নয়, উন্নত ভারতের লক্ষ্যে দেশের যুবসমাজের ক্রীড়া দক্ষতা একজোট করার অন্যতম ক্ষেত্র হল- খেলাধুলা।

( বাইট- মোদী )

সারা দেশের সঙ্গে এরাজ্যের ৪৬ টি স্থানে 'মাই ভারত-পশ্চিমবঙ্গ', 'ন্যাশনাল সার্ভিস স্কিম'-NSS, এবং 'স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়া কলকাতা'র সঙ্গে যৌথভাবে এই কর্মসূচীর অধিনে খেলকিবাত পি এম কে সাথ-এর আয়োজন করে।

দক্ষিণ শহরতলীর বেহালার সরশুনা কলেজে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের ক্রীড়ামন্ত্রী ইন্দ্রনীল খাঁ এবং 'মাই ভারত'-এর আধিকারিকরা। ক্রীড়াক্ষেত্রে জাতীয় স্তরের তীরন্দাজ বাসন্তী মাহাতোকে সম্বর্ধিত করা হয়।

হুগলীর শ্রীরামপুরে আয়োজিত অনুষ্ঠানে জাতীয় স্তরে রূপোজয়ী সাঁতারু পৃথা দেবনাথ ও সাই-এর ব্রোঞ্জ জয়ী অ্যাথলিট রানা ঘোষ যোগ দেন। মাই ভারতের তরফ থেকে আধিকারিক প্রীতম মুখার্জী এই অনুষ্ঠান আয়োজনের জন্য প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান।

পূর্ব বর্ধমানের মানকর কলেজে বিশিষ্ট শ্যুটার অভিনব সাহু, ফুটবলার সুমন কুন্ডু এবং তিরন্দাজ মাধবী চৌহান উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, আগামী ২৯শে আগস্ট হকির জাদুকর মেজর ধ্যানচাঁদের জন্মদিনটি ‘জাতীয় ক্রীড়া দিবস’ হিসেবে পালন করা হবে।

<u>oooooooooooooooooooooo</u>

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন, এই রাজ্যের যুবকদের আর কাজের খোঁজে ভিন্‌রাজ্যে বা বিদেশে ছুটতে হবে না। যাঁরা বাইরে চলে গিয়েছেন, তাঁরাও এবার নিজের রাজ্যেই পর্যাপ্ত কাজের সুযোগ পাবেন। নিউটাউনে আজ এলঅ্যান্ডটি মাইন্ডট্রির (LTM) নতুন আইটি ক্যাম্পাস ‘আনন্দ নিকেতন’ উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বলেন, এই প্রকল্প শুধু একটি তথ্যপ্রযুক্তি কেন্দ্র নয়, বাংলার মেধাকে নিজের রাজ্যে ফিরিয়ে আনার একটি বড় পদক্ষেপ।

(বাইট – মুখ্যমন্ত্রী)

মুখ্যমন্ত্রী জানান, শিল্পবান্ধব পরিবেশ গড়ে তুলতে রাজ্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ। কেন্দ্র ও রাজ্যের সমন্বয়ে গঠিত ‘ডাবল ইঞ্জিন সরকার’-এর লক্ষ্য পশ্চিমবঙ্গকে নতুন করে শিল্প ও কর্মসংস্থানের মানচিত্রে প্রতিষ্ঠা করা। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিভিন্ন কর্মসংস্থান ও স্বনির্ভরতা প্রকল্পের উল্লেখ করে তিনি বলেন, তথ্যপ্রযুক্তি, কৃত্রিম বুদ্ধিমত্তা, সাইবার নিরাপত্তা এবং চিপ ডিজাইনের মতো ভবিষ্যতের প্রযুক্তিতে দক্ষ মানবসম্পদ তৈরির জন্য শিল্প ও শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে আরও ঘনিষ্ঠ সহযোগিতা গড়ে তুলতে সাহায্য করবে।

উদ্বোধনী অনুষ্ঠানে এলঅ্যান্ডটি গ্রুপের চেয়ারম্যান এস. এন. সুব্রহ্মণ্যন বলেন, শিক্ষা, সৃজনশীলতা ও মুক্তচিন্তার যে ঐতিহ্য বাংলা বহন করে, সেই আদর্শকেই সামনে রেখে এই ক্যাম্পাস গড়ে তোলা হয়েছে।

উল্লেখ্য, নিউটাউনের ‘সিলিকন ভ্যালি হাব’-এ গড়ে ওঠা প্রায় ৭ লক্ষ ৪৮ হাজার বর্গফুট আয়তনের এই ক্যাম্পাসে প্রথম পর্যায়ে ৫,৮০০ জন ইঞ্জিনিয়ার ও প্রযুক্তি পেশাদারের কাজের সুযোগ তৈরি হবে বলে জানিয়েছে সংস্থা।

<u>০০০০০০০০০০০০০০০০০০০০০০</u>

নেপালের হড়পা বাণ বিপর্যয়ে আটকে পড়া পর্যটকদের খোঁজ খবরের জন্য রাজ্য সরকারের তরফে দুটি হেল্পলাইন নম্বর চালু করা হয়েছে। এগুলি হলঃ- **০৩৩-২৪৭৯-৩৩১১ এবং ৯১৪-৭৮৯০-১৮১** । ভবানীভবনে পৃথক পুলিশ কন্ট্রোল রুম চালু করা হয়েছে।

**মুখ্যমন্ত্রী শুভেন্দু** অধিকারী এই দুর্ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি জানান, রাজ্য সরকার প্রতিবেশী নেপালের পাশে রয়েছে। পশ্চিমবঙ্গ সরকার প্রতিনিয়ত কাঠমান্ডুতে ভারতীয় দূতাবাস এবং প্রশাসনিক কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয় রেখে কাজ করছে। নিখোঁজ ও আটকে পড়া ব্যক্তিদের তথ্য সংগ্রহের কাজ চলছে।

নিখোঁজ ৩০০ জন **ভারতীয়** নাগরিকের মধ্যে **কলকাতার ৩২** জন রয়েছেন। একটি ভ্রমণ সংস্থার সঙ্গে তারা মানস সরোবর দর্শনে গিয়েছিলেন ।

<u>০০০০০০০০০০০০০০০০০০০০০০</u>

সাধারণ মানুষের সঙ্গে টেরিটোরিয়াল আর্মির যোগাযোগ আরও নিবিড় করা এবং জাতীয় নিরাপত্তায় নাগরিকদের অংশগ্রহণ বাড়িয়ে তুলতে কলকাতায় দু'দিনের বিশেষ সেমিনার আজ শুরু হয়েছে। আলিপুরের ধনধান্য অডিটোরিয়ামে ‘নো ইয়োর টেরিটোরিয়াল আর্মি’ শীর্ষক এই কর্মসূচিতে ছাত্রছাত্রী, শিক্ষাবিদ, শিল্পমহল, স্টার্টআপ, প্রযুক্তি বিশেষজ্ঞ এবং নাগরিক সমাজের প্রতিনিধিরা অংশ নিয়েছেন। সংশ্লিষ্ট বাহিনীর ভূমিকা ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নিয়ে সেখানে আলোচনা চলছে।

<u>০০০০০০০০০০০০০০০০০০০০০০</u>

রাখী বন্ধনকে শুধু ভাই-বোনের উৎসব হিসেবে নয়, সামাজিক সম্প্রীতি ও জাতীয় ঐক্যের বার্তা ছড়িয়ে দেওয়ার মাধ্যম হিসেবে তুলে ধরতে আগামীকাল রাজ্যজুড়ে অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। সরকারি উদ্যোগে এই প্রথমবার রাজ্যের প্রতিটি জেলা, মহকুমা, ব্লক, পুরসভা, পঞ্চায়েত থেকে শুরু করে কলকাতা পুরনিগমের ওয়ার্ড স্তর পর্যন্ত পালিত হবে ‘রাখী বন্ধন উৎসব’। এই উপলক্ষে প্রায় ২৫ লক্ষ ৬০ হাজার ৫০০টি রাখি বিতরণের ব্যবস্থা করা হয়েছে।

রাজ্য স্তরের মূল অনুষ্ঠানটি হবে কলকাতার নজরুল মঞ্চে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সহ রাজ্য মন্ত্রিসভার একাধিক সদস্য ও বিশিষ্টজনদের পাশাপাশি সেখানে প্রায় আড়াই হাজার কলেজ পড়ুয়া, এনএসএস এবং যুব কম্পিউটার সেন্টারের শিক্ষার্থীরা অংশ নেবেন। পাশাপাশি রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের সাংস্কৃতিক অনুষ্ঠানও থাকবে। অংশগ্রহণকারীদের জন্য প্রায় ৫ হাজার বিশেষ রাখির ব্যবস্থাও করা হয়েছে।

এছাড়া রাজ্যের ২২টি জেলা সদর, জিটিএ, কলকাতা পুরসভা, ৪৫টি মহকুমা, ৩৪৫টি ব্লক, ১২১টি পুরসভা, ৬টি পুরনিগম এবং ৩’হাজার ৩৪২টি গ্রাম পঞ্চায়েতে এই কর্মসূচি অনুষ্ঠিত হবে বলে রাজ্যের তথ্য সংস্কৃতি দফতরের তরফে জানানো হয়েছে। এজন্য রাজ্য সরকারের ৮ কোটি ৯৭ লক্ষ টাকার বেশি বরাদ্দ করা হয়েছে।

<u>০০০০০০০০০০০০০০০০০০০০০০</u>

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে সাম্প্রতিক অশান্তির ঘটনায় কলকাতা হাইকোর্টের হস্তক্ষেপ চেয়ে ফের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি তপোব্রত চক্রবর্তী ও বিচারপতি অতরুপ বন্দ্যোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। আইনজীবী রীতঙ্কর দাস আজ আদালতে জানান, বিশ্ববিদ্যালয়ে বহিরাগতদের প্রবেশ বন্ধ করতে ২০২৫ সালে একটা মামলা দায়ের করেছিলেন তিনি। সেই মামলায় তৎকালীন প্রধান বিচারপতি

টিএস শিবজ্ঞানম বেশ কিছু নির্দেশ জারি করেছিলেন। মামলাটি এখনও প্রধান বিচারপতির বেঞ্চেই বিচারাধীন রয়েছে।

কয়েকদিন আগে বিশ্ববিদ্যালয়ের জিবি মিটিং-কে কেন্দ্র করে যে অশান্তি হয়েছিল, সেই পরিস্থিতিতে কলকাতা হাইকোর্টের হস্তক্ষেপ প্রয়োজন। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি তপোব্রত চক্রবর্তীর বেঞ্চ জানিয়েছে আগামী সপ্তাহে তিনি এই আবেদনের শুনানি করবেন।

**<u>oooooooooooooooooooooo</u>**

অনূর্ধ্ব ষোলো জাতীয় জুনিয়র ফুটবল প্রতিযোগিতা ড. বি সি রায় ট্রফির দ্বিতীয় ম্যাচে বাংলা ৮-০ গোলে চণ্ডীগড়কে হারিয়ে দিয়েছে। বেঙ্গালুরু ফুটবল স্টেডিয়ামে আজ বাংলার হয়ে জোড়া গোল করেন আজিজুল মণ্ডল ও সুরজ গাজী। আয়ুশ রজক, দেবরাজ দাস, সুরজ হালদার এবং আয়ান করণ একটি ক'রে গোল করেন। গ্রুপ লিগে বাংলার শেষ ম্যাচ আগামী শনিবার কর্ণাটকের বিরুদ্ধে।

**<u>oooooooooooooooooooooo</u>**

**<u>oooooooooooooooooooooo</u>**